

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৩১

আগরতলা, ২২ ডিসেম্বর, ২০২৩

প্রতি ঘরে সুশাসন ২.০

**পুরনিগমের পূর্ব জোনে বিকাশ শিবির**

প্রতি ঘরে সুশাসন ২.০ কর্মসূচির অঙ্গ হিসেবে আজ ধলেশ্বরস্থিত পিএম শ্রী কামিনী কুমার সিংহ মেমোরিয়াল দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে আগরতলা পুরনিগমের পূর্ব জোনের দ্বিতীয় পর্যায়ের বিকাশ শিবির অনুষ্ঠিত হয়। এই শিবিরের উদ্বোধন করে আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার বলেন, সারা রাজ্যের সাথে আগরতলা পুরনিগমেরও বিভিন্ন জোনভিত্তিক এই বিকাশ শিবির অনুষ্ঠিত হচ্ছে। এই শিবিরের একটাই উদ্দেশ্য যে বিভিন্ন প্রশাসনিক সুবিধা, বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের সুবিধা মানুষের দরজায় পৌঁছে দেওয়া। তিনি বলেন, আগামীদিনে নাগরিকদের কল্যাণে এ ধরনের শিবির পুরনিগমের প্রতিটি ওয়ার্ডে করা হবে।

অনুষ্ঠানে প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানের তাৎপর্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন সমাজসেবী নবেন্দু ভট্টাচার্য ও অনুষ্ঠানের সভাপতি পুরনিগমের পূর্ব জোনের উপদেষ্টা কমিটির চেয়ারম্যান সুখময় সাহা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পুরনিগমের কর্পোরেটর উত্তম ঘোষ, কর্পোরেটর মণিমুক্তা ভট্টাচার্য, কর্পোরেটর সীমা দেবনাথ, সমাজসেবী তরুণকান্তি সিনহা। অনুষ্ঠানে এএমসির মেয়র দীপক মজুমদার সহ অন্যান্য অতিথিগণ ১০ জন সুবিধাভোগীর হাতে পিআরটিসি সার্টিফিকেট তুলে দেন। স্বাগত বক্তব্য রাখেন সহকারি পুরনিগম কমিশনার শান্তনু বিকাশ দাস। এছাড়া বিকাশ শিবিরে ১০০ জনকে পিআরটিসি, ৯৩ জনকে এসসি, ১৯ জনকে ম্যারেজ এবং ৭ জনকে ইনকাম সার্টিফিকেট দেওয়া হয়েছে।

বিকাশ শিবিরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের পক্ষ থেকে পুরনিগমের পূর্ব জোনের ২৫ জনকে ফলচাষে সহায়তা দেওয়া হয়েছে। মৎস্য দপ্তর থেকে ৫ জন মৎস্যচাষীকে মাছের খাবার ও ওষুধ দেওয়া হয়। প্রাণীসম্পদ বিকাশ দপ্তর থেকে মুখ্যমন্ত্রী প্রাণীসম্পদ বিকাশ যোজনায় ৫১ জনকে মোরগ পালনে সহায়তা দেওয়া হয়েছে। সুবিধাভোগীদের ১০টি করে মোরগ ও মোরগ পালনে সহায়ক সামগ্রী দেওয়া হয়। তাছাড়া শ্রম দপ্তর থেকে ১১ জনকে ই-শ্রম কার্ড দেওয়া হয়েছে।

\*\*\*\*\*